# জুলাইয়ের অঙ্গীকার থেকে সরে গেছে বিএনপি: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার অভিযোগ করেছেন, গণভোটের মাধ্যমে প্রকাশিত জনগণের মতামত বাস্তবায়নের ক্ষেত্রে সরকার প্রত্যাশিত পদক্ষেপ নিচ্ছে না এবং এ কারণে রাষ্ট্র পরিচালনায় ভুল বার্তা যাচ্ছে।

বৃহস্পতিবার (১৬ জুলাই) বিকেলে রাজধানীর শাহবাগে জুলাই শহীদ দিবস উপলক্ষে ১১ দলীয় ঐক্য আয়োজিত একটি র‍্যালিতে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

গোলাম পরওয়ার বলেন, সংবিধান সংশোধন নিয়ে সরকারের বর্তমান উদ্যোগকে তিনি পূর্ণাঙ্গ সংস্কার প্রক্রিয়া হিসেবে দেখেন না। রাষ্ট্র সংস্কারের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে দেশের সব রাজনৈতিক দলকে সঙ্গে নিয়ে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

তিনি অভিযোগ করেন, ক্ষমতায় যাওয়ার পর বিএনপি জুলাই গণঅভ্যুত্থানের চেতনা ও অঙ্গীকার থেকে সরে এসেছে এবং এ ক্ষেত্রে জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে।

জামায়াতের এই নেতা বলেন, জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে এখনো সংসদীয় প্রক্রিয়ার মাধ্যমে সমাধানের সুযোগ রয়েছে এবং রাজনৈতিক দলগুলোর উচিত সেই পথকে অগ্রাধিকার দেওয়া।

তবে এ বিষয়ে কার্যকর অগ্রগতি না হলে রাজপথে কর্মসূচি দেওয়ার কথাও ইঙ্গিত করেন মিয়া গোলাম পরওয়ার।

LENS ASIA